

স্মৃতি

অনিকেত শব্দে
 দল বেঁধে দেখা করে আমার সাথে
 কুয়াশাময় রাত্রির অন্ধকারে।
 আমার পরিচিত রঙ,
 তোমার গায়ের গন্ধের মত নিরাপত্তাময়,
 তোমার পিয় শব্দ ছিল সানাই।
 আমাদের স্বপ্নের বাগানে এখন
 নৈশব্দ্য এসে উঁকি-ঝুঁকি দেয়।
 অনেক রাত্রি হয়ে গেলে,
 বাঁশির মলিন ডাক শুনতে পাই আমি।
 শুকনো পলাশ ফুলে
 পিপড়েরা বাসা বাঁধে অবিরত।
 তোমার পরিত্যক্ত অশরীর স্মৃতি,
 তন্দ্রাহীন প্রভেক শীতাত্ত রজনীতে
 আমাকে নিশির মতো ডেকে যায়,
 পর্দার ওপার থেকে।

আশুতোষ ঘোষাল

